“ভূমি ব্যবস্থাপনা অটোমেশন” শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি [Terms of Reference (TOR)]

পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR)

ক. প্রকল্পের বিবরণীঃ

১. **প্রকল্পের নাম** : ভূমি ব্যবস্থাপনা অটোমেশন

২. **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : ভূমি মন্ত্রণালয়

৩. **বাস্তবায়নকারী সংস্থা** : ভূমি মন্ত্রণালয়, ভূমি সংস্কার বোর্ড, ভূমি আপিল বোর্ড, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

৪. **প্রকল্পের অবস্থান** : প্রকল্পটি সমগ্র দেশব্যাপি বাস্তবায়িত হবে।

৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) :

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	*পরিবর্তন(+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	১১৯৭০৩.১৮	১১৯৭০৩.১৮	-	-	জুলাই, ২০২০-জুন, ২০২৫	১৪/০৭/২০২০ (একনেক)	-	-

৬. প্রকল্পের অর্থায়ন: সম্পুর্ন জিওবি

৭. প্রকল্পের উদ্দেশ্যঃ

- একটি সমন্বিত ভূমি ব্যবস্থাপনার জন্য "ভূমি ব্যবস্থাপনা অটোমেশন" নামক সফটওয়্যার প্রয়োগের মাধ্যমে ভূমি সংক্রান্ত সকল অফিসের গতিশীলতা ও স্বচ্ছতা বৃদ্ধি করা;
- একটি inter operable ভূমি উপাত্তভান্ডার (ডাটাবেজ) তৈরি করা;
- ভূমি প্রশাসনের সাথে জড়িত সংশ্লিষ্ট সকল জনবলকে আধুনিক ভূমি ব্যবস্থাপনা সম্পর্কে সুদক্ষ করে তোলা;
- অনলাইন অফিস ব্যবস্থাপনা ও ইলেকট্রনিক রাজস্ব আদালত ব্যবস্থাপনা গড়ে তোলা;
- ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত সেবা যথা: রেকর্ড সংশোধন/ কের্ড হালনাগাদকরণ (সমন্বিত প্রক্রিয়ায়-নামজারি, জমাভাগ ও জমাএত্রিকরণ); ভূমি উন্নয়ন কর; রেন্ট সার্টিফিকেট মামলা; ভূমি অধিগ্রহণ; খাসজমি বন্দোবস্ত (কৃষি-অকৃষি জমি, চা বাগানের মেয়াদি লিজ); সায়রাতমহাল; অর্পিত সম্পত্তি, ওয়াকফ, দেবোত্তর ও অন্যান্য সম্পত্তি ব্যবস্থাপনা ইত্যাদি।

৮. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গঃ

- একটি সমন্বিত ও সয়ংক্রিয় ভূমি ব্যবস্থাপনার জন্য সফটওয়্যার তৈরি করা;
- একটি inter operable ভূমি উপাত্ত ভান্ডার তেরি করা;
- খতিয়ানের সাথে অন্তর্নিহিত অবস্থায় চিটানকশা ও দলিলের সংক্ষিপ্ত তথ্য সরবরাহ করা;
- অনলাইন কানেকটিভিটি তথা ইনফো সরকার-৩ প্রকল্পের অপটিক্যাল ফাইবার কানেকটিভিটি ইউনিয়ন ভূমি অফিস পর্যন্ত সম্প্রসারণ করা বিসিসির ডাটাসেন্টার ও ডিজেস্টার রিকভারি সেন্টারের নিরবচ্ছিন্ন ডাটা প্রবাহ ও সর্বোচ্চ নিরাপদ নিশ্চিতকরণ।

খ. পরামর্শকের কার্যপরিধি (ToR) :

৯.০ পরামর্শকের দায়িত্বঃ

৯.১ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.২ প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থ বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতি তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৯.৩ প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনের অবস্থা পর্যালোচনা এবং প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে Output পর্যায়ের অর্জন পর্যলোচনা ও পর্যবেক্ষণ;

৯.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিল উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য বিভিন্ন পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষাণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যলোচনা ও পর্যবেক্ষণ;

৯.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৭ প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদি কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যলোচনা ও পর্যবেক্ষণ;

৯.৮ প্রকল্প অনুমোদন ও সংশোধন অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৯ উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যলোচনা ও পর্যবেক্ষণ;

৯.১০ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

৯.১১ প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;

৯.১২ প্রকল্পের ঘোষিত লক্ষ্য, উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে কতটা কাঙ্খিত অগ্রগতি হয়েছে, প্রকল্পের IRR, NPV ইত্যাদি বিষয় কতটা অগ্রগতি হয়েছে সে সম্পর্কে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.১৩ প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যলোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

৯.১৪ প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.১৫ নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা পরিচালনাকালে যে সব FGD, KII-সহ সরেজমিন পরিদর্শন সম্পন্ন করা হবে তার একটি ভিডিও (ন্যূনতম ৩০ মিনেটের) প্রমানক হিসেবে আবশ্যিকভাবে কর্মশালার পূর্বে আইএমইডিতে দাখিল করতে হবে; এবং

৯.১৬ কর্তৃপক্ষ নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

১০. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ

ক্রমিক	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান		• গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত সমীক্ষা পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা।
২)	ক) টিম লিডার-	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আইসিটি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকত্তোর ডিগ্রী। উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	• পেশাগত কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; • ন্যূনতম ৩টি প্রকল্প পরিবীক্ষণ/মূল্যায়ন কাজে অভিজ্ঞতা; • পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণে ক্রয় সংক্রান্ত কার্যক্রম মূল্যায়নের অভিজ্ঞতা;

ক্রমিক	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
			• পরামর্শক হিসেবে কাজের অভিজ্ঞতা; • ভূমি ব্যবস্থাপনা বিষয়ে অভিজ্ঞতা; এবং • প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় বিশেষ দক্ষতা।
	খ) ভূমি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি	• **ভূমি ব্যবস্থাপনা বিষয়ক কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ের** কাজে মোট ন্যূনতম ০৮ (আট) বছরের বাস্তব অভিজ্ঞতা।
	গ) আইটি বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আইসিটি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। আইটি প্রজেক্ট ম্যানেজমেন্ট সম্পর্কিত সার্টিফিকেশন যেমন: ITIL/PMP আগ্রাধিকার দেওয়া হবে।	• বিভিন্ন আধুনিক সফ্টওয়ার/প্রোগ্রামিং ল্যাংগুয়েজ সম্পর্কে সম্যক জ্ঞান এবং ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; • ভূমি ব্যবস্থাপনা বিষয়ক সফ্টওয়ার (প্রণয়ন/মেইনটেনেন্স ইত্যাদি) বিষয়ে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।
	ঘ) জুনিয়র আইটি বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আইসিটি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রী।	• বিভিন্ন আধুনিক সফ্টওয়ার/প্রোগ্রামিং ল্যাংগুয়েজ সম্পর্কে সম্যক জ্ঞান এবং ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।
	ঙ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রী। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজবিজ্ঞান/অর্থনীতি/ডেভলপমেন্ট স্টাডিজ/সমাজকল্যাণ/সমাজকর্ম/ প্রকল্প ব্যবস্থাপনা বা অনুরূপ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারীদের অগ্রাধিকার প্রদান করা হবে।	• পেশাগত কাজে ০৮ (আট) বছরের অভিজ্ঞতা। • আর্থ-সামাজিক গবেষণা/ প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ/ প্রভাব মূল্যায়ন সংশ্লিষ্ট ন্যূনতম ০৩টি কাজের কাজে অভিজ্ঞতা। • বিভিন্ন statistical tools ও সফ্টওয়ার ব্যবহারের অভিজ্ঞতা

১১. নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
(১)	প্রারম্ভিক রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
(২)	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে
(৩)	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে
(৪)	চূড়ান্ত খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে
(৫)	চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ৪০ কপি ও ইংরেজি ২০ কপি)	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে

১২. ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।